

আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ১৫

আরবি মূল আয়াত:

وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِينَ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

মিথ্যারোপকারীদের জন্য সেদিনের দুর্ভোগ! — আল-বায়ান

সে দিন দুর্ভোগ সত্য প্রত্যাখ্যানকারীদের জন্য। — তাইসিরুল

সেদিন দুর্ভোগ মিথ্যা আরোপকারীদের জন্য। — মুজিবুর রহমান

Woe, that Day, to the deniers. — Sahih International

১৫. সেদিন দুর্ভোগ মিথ্যারোপকারীদের জন্য। (১)

(১) وَيْلٌ দ্বারা উদ্দেশ্য ধ্বংস, দুর্ভোগ। অর্থাৎ কতই না দুর্ভোগ ও ধ্বংস রয়েছে সেসব লোকের জন্য, যারা সেদিনের আগমনের খবরকে মিথ্যা বলে মনে করেছিল। আল্লাহ তাদেরকে শপথ করে বলেছেন, কিন্তু তারা তা বিশ্বাস করে নি। ফলে তারা কঠোর ও কঠিন শাস্তির যোগ্য হয়ে উঠল। [সাদী]

তাফসীরে জাকারিয়া

(১৫) সেদিন দুর্ভোগ মিথ্যাঞ্জনকারীদের জন্য। [1]

[1] وَيْلٌ অর্থাৎ, দুর্ভোগ, ধ্বংস। কেউ কেউ বলেন, وَيْلٌ জাহান্নামের একটি উপত্যকার নাম। এই আয়াতটির এই সূরাত্রে বারবার পুনরাবৃত্তি ঘটেছে। কারণ, প্রত্যেক মিথ্যাবাদীর অপরাধ একে অপর হতে ভিন্ন ধরনের হবে এবং এই হিসাবে আযাবের ধরনও ভিন্ন ভিন্ন হবে। কাজেই এই ‘ওয়াইল’-এরই বিভিন্ন ভাগ রয়েছে, যা ভিন্ন ভিন্ন মিথ্যাবাদীদের জন্য পৃথক পৃথকভাবে বর্ণনা করা হয়েছে। (ফাতহুল ক্বাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5637>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন